

বিষয়: বাংলাদেশ বিষয়াবলি

বিষয় কোড: ০০৫

পূর্ণমান: ২০০

নির্ধারিত সময়: ৪ ঘণ্টা

[প্রশ্নের মান প্রত্যেক প্রশ্নের শেষ প্রান্তে দেখানো হয়েছে।]

- ০১। (ক) বাংলাদেশের ভৌগোলিক অবস্থান কী? ৫
(খ) বরেন্দ্র এলাকা কোন কোন জেলা নিয়ে গঠিত? ৫
(গ) বাংলাদেশের বিভিন্ন এলাকার ভৌগোলিক বিবরণ (topographical features) দিন। ১০
- ০২। (ক) জনশুমারি কী? ৫
(খ) ক্ষুদ্র নৃ-গোষ্ঠী বলতে কী বোঝায়? ৫
(গ) বাংলাদেশের জাতিগত ও সাংস্কৃতিক বৈচিত্র্য বর্ণনা করুন। ১০
- ০৩। (ক) 'ভিশন ২০৪১' কী? ৫
(খ) 'ভিশন ২০৪১' অর্জনের জন্য সরকারের গৃহীত প্রধান প্রধান পদক্ষেপ কী কী? ৫
(গ) স্বল্পোন্নত দেশ থেকে উন্নয়নশীল দেশে উত্তরণের জন্য বাংলাদেশকে যে-সকল শর্ত পূরণ করতে হয়েছে তার বর্ণনা দিন। ১০
- ০৪। (ক) বাংলাদেশের বর্তমান পরিবেশ ও প্রকৃতি সম্পর্কিত চ্যালেঞ্জসমূহ বর্ণনা করুন। ১০
(খ) বাংলাদেশে কৃষিসহ বিভিন্ন ক্ষেত্রে প্রাকৃতিক দুর্যোগের প্রভাব মোকাবেলার জন্য গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনা করুন। ১০
- ০৫। (ক) বাংলাদেশের সংবিধানে বর্ণিত রাষ্ট্র পরিচালনার মূলনীতিসমূহ কী কী? ৫
(খ) রাষ্ট্রের প্রধান অঙ্গসমূহ কী কী? ৫
(গ) বাংলাদেশের স্থানীয় সরকার ব্যবস্থা সম্পর্কে আলোচনা করুন। ১০
- ০৬। (ক) বর্তমান সরকার কর্তৃক গৃহীত বাংলাদেশের মেগাপ্রকল্পসমূহ কী কী? ৫
(খ) মেগাপ্রকল্পসমূহের আর্থ-সামাজিক প্রভাব আলোচনা করুন। ১৫
- ০৭। (ক) রাশিয়া-ইউক্রেন যুদ্ধ বাংলাদেশের অর্থনীতিতে কী প্রভাব ফেলছে তা বর্ণনা করুন। ১০
(খ) বাংলাদেশে আশ্রিত রোহিঙ্গা জনগোষ্ঠীর জন্য সরকার কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ বর্ণনা করুন। ১০
- ০৮। (ক) গণতন্ত্র প্রতিষ্ঠায় নির্বাচন অনুষ্ঠানের গুরুত্ব কী? ৫
(খ) বাংলাদেশের নির্বাচন কমিশন গঠন প্রক্রিয়া সম্পর্কে আলোচনা করুন। ৫
(গ) বাংলাদেশের সংবিধানে বর্ণিত নির্বাচন কমিশনের দায়িত্বাবলি বর্ণনা করুন। ১০
- ০৯। ভাষা আন্দোলন থেকে মুক্তিযুদ্ধ পর্যন্ত সংঘটিত বিভিন্ন আন্দোলন-সংগ্রাম ও ঘটনাবলির বিবরণ দিন। ২০
- ১০। টীকা লিখুন (যে-কোনো চারটি) : ৫×৪ = ২০
(ক) সুনীল অর্থনীতি (খ) গভীর সমুদ্র বন্দর
(গ) বঙ্গবন্ধু স্যাটেলাইট (ঘ) খাদ্য নিরাপত্তা
(ঙ) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (চ) ভিশন ২০৪১